অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/13/2023 **গভর্নর ক্যাথি হোকল**

লে-অফের সম্মুখীন হওয়া কর্মীদের সাহায্য করার জন্য নতুন প্রযুক্তি ও বিধিমালা সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

নতুন WARN আইনের পোর্টাল নিয়োগকর্তাদেরকে একটি দ্রুততর, আরো বেশি সহজ প্রক্রিয়ার মাধ্যমে লে-অফের নোটিশ জমা দিতে সাহায্য করবে

ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য WARN আইন সম্পর্কে স্পষ্ট ধারণা দেওয়ার জন্য NYSDOL বিধিমালা শক্তিশালী করছে

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের 4-বছর মেয়াদী প্রযুক্তি বাস্তবায়ন পরিকল্পনার অংশ

গভর্নর ক্যাথি হোকল আজ নতুন কর্মীদের সমন্বয় ও পুনরায় প্রশিক্ষণ প্রদানের বিজ্ঞপ্তি সম্পর্কিত আইনের পোর্টাল (Worker Adjustment and Retraining Notification Act Portal) চালু করার পরিকল্পনা ঘোষণা করেছেন, যা নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের (Department of Labor) একাধিক বছর মেয়াদী প্রযুক্তির আধুনিকায়ন পরিকল্পনার অংশ। এই আপগ্রেডকৃত অনলাইন টুল ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে একটি দ্রুততর, আরো বেশি সহজ উপায়ে লে-অফের বিজ্ঞপ্তি জমা দেওয়ার সক্ষমতা প্রদান করবে এবং কর্মীদেরকে নতুন কর্মসংস্থানে যাওয়ার জন্য আরো বেশি সময় দিবে। এছাড়াও এই নতুন সিস্টেম NYSDOL-কে লে-অফের সম্মুখীন হওয়া কর্মচারীদেরকে নতুন কর্মসংস্থান ও প্রশিক্ষণের সুযোগ-সুবিধা সহ সহায়তা পরিষেবা ও সংস্থানসমূহের সাথে আরো দ্রুত সংযুক্ত হতে সাহায্য করবে। এছাড়াও মহামারী পরবর্তী কর্মসংস্থানের পরিবেশ মোকাবেলা করতে এবং নিউ ইয়র্ক স্টেটের WARN আইন প্রতিপালন নিশ্চিত করতে সাহায্য করার জন্য গভর্নর স্টেটের WARN আইনের বিধিমালা পরিবর্তনের ঘোষণা দিয়েছেন।

"এই নতুন WARN আইনের পোর্টাল এবং WARN আইনের বিধিমালার উন্নয়ন ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য প্রশাসনিক বোঝা কমিয়ে আনা এবং একইসাথে নিউ ইয়র্কবাসীদেরকে সমন্বিত সহায়তা প্রদান করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ," **বলেছেন গভর্নর হোকল।** "শ্রম বিভাগের সিস্টেম ও বিধিমালা উন্নত করার মাধ্যমে, আমার প্রশাসন প্রক্রিয়াগুলো সরল ও সহজতর করা, গ্রাহক পরিষেবা বৃদ্ধি করা, এবং নিউ ইয়র্কের চাকরি প্রত্যাশীদেরকে সন্তোষজনক কর্মসংস্থানের সুযোগের সঙ্গে আরো ভালোভাবে সংযুক্ত করতে 21 শতকের কর্মপদ্ধতি গ্রহণ করছে।"

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "ব্যবহারকারীর অভিজ্ঞতা উন্নত করা এই ডিপার্টমেন্টের জন্য একটি শীর্ষ অগ্রাধিকার এবং প্রযুক্তিগত সমাধানগুলো গ্রহণ করা আমাদেরকে সেই মিশন পূরণ করতে সাহায্য করছে। এসব সাম্প্রতিক উন্নয়ন কর্মীদেরকে কোম্পানি বন্ধ হওয়া ও লে-অফ সম্পর্কে আগাম অবহিত করার ব্যাপারে নিয়োগকর্তাদেকে সাহায্য করবে। আগাম সতর্কবার্তা প্রদান করা কর্মচারীদের কর্মহীনতা সংক্রান্ত বিমার বেনিফিট গ্রহণ করার সময় সংক্ষিপ্ত করবে, এবং তাই লে-অফের সঙ্গে সম্পৃক্ত নিয়োগকর্তার দায়বদ্ধতা কমিয়ে আনবে। প্রত্যেক প্রভাবিত কর্মচারী যাতে দ্রুত নিরাপদ নতুন ক্যারিয়ার বেছে নেওয়ার সম্ভাব্য সব সুবিধা পান তা আমরা নিশ্চিত করতে চাই।"

সমৃদ্ধ উন্নত WARN আইনের পোর্টাল নিয়োগকর্তাদেরকে রিয়েল টাইমে সরাসরি NYSDOL-এর কাছে কাগজপত্র জমা দেওয়া, প্রভাবিত কর্মীদের তালিকা প্রদান করা, এবং অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য পাঠানোর সুযোগ প্রদান করবে। এসব উন্নয়ন নিয়োগকর্তাদেরকে প্রভাবিত কর্মচারীদেরকে উত্তরণের জন্য, নতুন কর্মসংস্থানের সুযোগ-সুবিধা সন্ধান করার জন্য, অথবা নতুন ক্যারিয়ার খুঁজে নেওয়ার জন্য কর্মীদের প্রশিক্ষণ কর্মসূচিতে প্রবেশ করার জন্য সহায়তা করতে তৈরি করা হয়েছে। WARN আইনের একটি নোটিশ জমা দেওয়া হলে, NYSDOL-এর ডিভিশন অব ওয়ার্কফোর্স এন্ড এমপ্লয়মেন্ট সল্যুশন্স (Division of Workforce and Employment Solutions) প্রভাবিত কর্মীদেরকে নতুন ক্যারিয়ার ও কর্মসংস্থানের সুযোগ-সুবিধার সঙ্গে সংযুক্ত করার জন্য স্থানীয় ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট বোর্ড, কমিউনিটির স্টেকহোল্ডার, এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলোর সঙ্গে কাজ করে। পোর্টালটি আগামী মাসে চালু হবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

নিউ ইয়র্ক স্টেট WARN আইন 50 জন বা তার বেশি সংখ্যক কর্মচারী রয়েছে এমন বেসরকারি খাতের নিয়োগকর্তাদের জন্য কোম্পানি বন্ধ করে দেওয়া, গণহারে লে-অফ, এবং অন্যান্য স্থানান্তর এবং কর্মঘণ্টা কমিয়ে আনার 90 দিন আগে WARN আইনের নোটিশ জারি করা আবশ্যক করেছে।

মহামারী চলাকালীন সময়ে, NYSDOL নজিরবিহীন সংখ্যায় WARN আইনের নোটিশ জমা হতে দেখেছে, যা 2019 সালে 27,858 জন কর্মীকে প্রভাবিত করা 430টি নোটিশ থেকে বৃদ্ধি পেয়ে 2020 সালে 240,001 জন কর্মীকে প্রভাবিত করা 2,170টি নোটিশে উন্নীত হয়েছিল।

নতুনভাবে জোরদার করা বিধিমালায় দূর থেকে কাজ করা কিভাবে WARN আইন প্রতিপালনকে প্রভাবিত করে সে সম্পর্কে স্পষ্ট ধারণা দেওয়া হয়েছে এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলো যাতে নিজেদের দায়িত্বসমূহ আরো ভালোভাবে অনুধাবন করতে পারে সে বিষয়টি নিশ্চিত করতে সহজ ভাষা ব্যবহার করা হয়েছে। বর্তমানে প্রস্তাবিত বিধিমালা সম্পর্কে মন্তব্য করার সময়কাল উন্মুক্ত রয়েছে, এবং নিউ ইয়র্কবাসীদেরকে regulations@labor.ny.gov ঠিকানায় ইমেইল পাঠিয়ে নিজেদের মতামত শেয়ার করার জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে।

WARN আইনের পোর্টাল চালু হওয়ার বিষয়টি কলের পরিমাণ কমিয়ে আনা, গ্রাহকের অভিজ্ঞতা সমৃদ্ধ করা, এবং নিউ ইয়র্কবাসীদেরকে দ্রুত কর্মহীনতা সংক্রান্ত বিমা বেনিফিটের সঙ্গে সংযুক্ত করার জন্য NYSDOL-এর 4 বছর মেয়াদী কৌশলগত আধুনিকায়ন পরিকল্পনার অংশ। NYSDOL

বর্তমানে নিউ ইয়র্ক স্টেটের তথ্য প্রযুক্তি পরিষেবা বিষয়ক দপ্তরের (State Office of Information Technology Services) সঙ্গে নিম্নলিখিতগুলো উন্নয়ন ও বাস্তবায়নের জন্য কাজ করছে:

- গ্রাহকদের দাবি সংক্রান্ত সুনির্দিষ্ট প্রশ্নসমূহের উত্তর দেওয়ার জন্য একটি নতুন বট-চালিত অমনি-চ্যানেল কন্টাক্ট সেন্টার।
- দ্রুত প্রক্রিয়াকরণের জন্য একটি উন্নত ফরম ম্যানেজমেন্ট সিস্টেম।
- দাবি প্রক্রিয়ার কর্মদক্ষতা উন্নত করতে NYSDOL প্রশিক্ষণ উন্নত করার জন্য একটি সংস্কারকৃত ইন্ট্রানেট সিস্টেম।
- পুরোনো হয়ে যাওয়া UI মেইনফ্রেম প্রতিস্থাপনের জন্য একটি নতুন আধুনিক সিস্টেম।
- গ্রাহকের সম্পৃক্ততা উন্নত করা এবং বৃদ্ধি করার জন্য একটি নতুন কার্যপরিচালনার মডেল প্রতিষ্ঠা করা।

WARN সম্পর্কে আরো তথ্যের জন্য, NYSDOL-এর WARN তথ্যপত্র পড়ুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন